আলমডাঙ্গায় নানা আয়োজনে জাতীয় গনহত্যা দিবস উৎযাপন

আলমডাঙ্গায় জাতীয় গণহত্যা দিবস উপলক্ষে মঙ্গলবার সকালে বদ্ধভূমিতে মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত শহীদদের স্মরনে পুষ্পস্তবক অর্পণ ও শহীদদের স্মরনে এক মিনিট নিরবতা পালন করা হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার পান্না আক্তার,উপজেলা শিক্ষা অফিসার জিয়াউল হক, উপজেলা সহকারি শিক্ষা অফিসার সাজাহান আলী, বীর মুক্তিযোদ্ধা নবাব আলী,উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী আব্দুর রশিদ,পল্লী উন্নয়ন ব্যাংকের ম্যানেজার আনোয়ার হোসেন, উপজেলা আইসিটি কর্মকর্তা মোস্তাফিজুর রহমান, সমাজ সেবা অফিসার সাজ্জাদ হোসেন, বীর মুক্তিযোদ্ধা, খবির উদ্দিন,বীর মুক্তিযুদ্ধা আনছার আলী সহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তি বর্গ।

আলমডাঙ্গায় উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) পান্না আক্তারের নেতৃত্বে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন শেষে উপজেলা হলরুমে আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার পান্না আক্তার। এসময় কর্মকর্তা, বীর মুক্তিযুদ্ধা, স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

বুধবার মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত স্থানীয় বধ্যভূমিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে এ শ্রদ্ধা জানানোর পরে উপজেলা হলরুমে ১৯৭১ সালের ২৫ মার্চের কালরাতে নিহত শহীদদের স্মরণে নীরবতা পালন করা হয়।

এ সময় ইউএনও পান্না আক্তার বলেন, ২৫ মার্চের গণহত্যা বাঙালির স্বাধীনতা সংগ্রামের এক মর্মন্তুদ অধ্যায়। এই ইতিহাস নতুন প্রজন্মের কাছে তুলে ধরা এবং মুক্তিযুদ্ধের চেতনা ধারণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

উল্লেখ্য, ১৯৭১ সালের ২৫ মার্চ পাকিস্তানি হানাদার বাহিনী ‘অপারেশন সার্চলাইট’-এর নামে নিরস্ত্র বাঙালির ওপর ভয়াবহ গণহত্যা চালায়, যা বাংলাদেশের ইতিহাসে এক বিভীষিকাময় অধ্যায় হিসেবে চিহ্নিত।